## ঢাকা বিশ্ববিদ্যালয়

এতদ্দ্বারা পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাইতেছে যে, অধিভুক্ত ঢাকা স্কুল অব ইকনোমিকস-এর Bachelor of Economics (BEcon) Environmental and Resource Economics ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ৮ম সেমিস্টার ফাইনাল পরীক্ষা-২০২৩ আগামী ২৬ জুলাই, ২০২৫ তারিখ হইতে অনুষ্ঠিত হইবে। উক্ত পরীক্ষার ফরমপূরণ ও ফিস্ আগামী ২০/০৭/২০২৫ তারিখের মধ্যে অনলাইনে সম্পন্ন করিয়া ফরমসমূহ কলেজ অফিসে সংরক্ষণ ও ফিস্ অত্র অফিসে জমা দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হইল। **"www.cmc.du.ac.bd"** এই লিংকে প্রবেশ করে ফরমপূরণের সকল কার্যক্রম শিক্ষার্থী নিজেই সম্পন্ন করিতে পারিবে।

উল্লেখ্য যে, ২০/০৭/২০২৫ তারিখের পর সার্ভার স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাইবে তাই আর কোন পরীক্ষার্থীর ফরমপূরণ ও ফিস্ জমা নেওয়া সম্ভব হইবে না।

### Rules for Improvement Examinations:

1. A student who obtains **'F'** grade in a course will be allowed to improve the grade two times with any following batches.
2. If a student obtains a grade **'C+'** or lower in a course in any year, he/she will be allowed to repeat the term-final examination **only once** preferably with the **following batch** for the purpose of grade improvement. A student failing to improve his/her grade in a course can retain the earlier grade.
3. Grade improvement will not be allowed in those courses in which a student obtains grade better than **'C+'.**

কোন পরীক্ষার্থীর তত্ত্বীয় ও ব্যবহারিক শ্রেণীসহ ক্লাসে উপস্থিতির শতকরা হার ৭৫% থাকিতে হইবে। শতকরা ৬০ হতে ৭৪টি শ্রেনীতে উপস্থিতি থাকিলে নন-কলেজিয়েট ফিস প্রদান করে পরীক্ষায় অবতীর্ণ হতে পারবে। ক্লাসে উপস্থিতির হার ৬০% এর নিচে থাকিলে পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে না। পরীক্ষার ফিস ও নম্বরপত্রী ফিস বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার "Fees from the Constituent College" শিরোনামে অত্র অফিসে জমা দিতে হইবে। **ফরওয়ারডিং লেটারের মাধ্যমে পরীক্ষার এন্ট্রি ফরম বাবদ জনপ্রতি ১০০ (একশত) টাকা করে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার "Controller of Examinations" (A/C-33011288) শিরোনামে** জমা দিতে হইবে। নগদ/চেক কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হইবে না।

**পরীক্ষার ফিসের হার নিম্নরূপ**

১। প্রতি পরীক্ষার্থীর পরীক্ষার ফিস ------------ = ৩,০০০/- (তিন হাজার) টাকা।
২। নম্বরপত্রী ফিস -------------------------- = ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা।
৩। নন-কলেজিয়েট ফিস--------------------- = ২,২৫০/- (দুই হাজার দুইশত পঞ্চাশ) টাকা **(যাহার ক্ষেত্রে প্রযোজ্য)**

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০।

স্বাক্ষর/-
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়।

মেমো নংঃ **৩৫৩৬**/মে.সে./প./৩৩৫

তারিখঃ ০৮/০৭/২০২৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্তদের নিকট অনুলিপি প্রেরণ করা হইল।

১। ডীন, সামাজিক বিজ্ঞান অনুষদ, ঢাঃ বিঃ।
২। পরিচালক, ঢাকা স্কুল অব ইকনোমিকস, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৩। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ঢাঃ বিঃ।
৪। প্রক্টর, ঢাঃ বিঃ।
৫। উপ-রেজিস্ট্রার, উপাচার্য মহোদয়ের অফিস, ঢাঃ বিঃ।
৬। উপ-রেজিস্ট্রার, প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের অফিস, ঢাঃ বিঃ।
৭। উপ-রেজিস্ট্রার, প্রো-উপাচার্য (প্রশাসন) মহোদয়ের অফিস, ঢাঃ বিঃ।
৮। সকল পরীক্ষা উপ-নিয়ন্ত্রক, ঢাঃ বিঃ।
৯। সকল সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক,ঢাঃ বিঃ।

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়।